

# ST. XAVIER'S SCHOOL, PURULIA

CLASS- VIII

SUB : BENG. LIT.

DATE : 25.05.2020

আজকের পাঠ:-

## শকুন্তলার পতিগৃহে যাত্রা

ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়

### লেখক পরিচিতি:-

- অসাধারণ পান্ডিত্যের জন্য বিদ্যাসাগর উপাধিতে ভূষিত করা হয়।
- মানুষটি ছিলেন দয়ার আধার যে কোন মানুষের দুঃখ দেখলে স্থির থাকতে পারতেন না, তাই তাঁর আর এক পরিচিতি ছিল দয়ার সাগর হিসেবে।
- তাঁরই চেষ্টায় ১৮৫৬ সালে বিধবা বিবাহ আইন সিদ্ধ হয়।

### মূলভাব:- From book, Page No.-12

**শব্দার্থ:-** প্রস্থান সময়- চলে যাবার সময়, বেশভূষা- জামাকাপড়, বাকশক্তি- কথা বলার ক্ষমতা, ক্লেশ- কষ্ট, কালহরণ- সময় নষ্ট, গাত্রোখান- ওঠা, পরাঙ্মুখ- মুখ ঘুরিয়ে থাকা, মধুকর- মৌমাছি, কতিপয়- কয়েক, বিলম্ব- দেরি, প্রতিগমন- ফিরে যাওয়া, সন্দেশ- সংবাদ, কণ্টকস্বরূপা- কাঁটার মত।

### প্রশ্ন:-

- কতিপয়- পদ গমন করিলে শকুন্তলার গতিভঙ্গ হইল [1+1+3=5]
  - i) শকুন্তলা কে ?
  - ii) কেন তার গতিভঙ্গ হল ?
  - iii) যার জন্য এই গতিভঙ্গ, তিনি তার জন্য কি করেছিলেন ?

**উত্তর:-** i) শকুন্তলা হল আশ্রমবাসী মহর্ষিকন্ব ও গৌতমীর পালিতা কন্যা।

ii) আশ্রম ছেড়ে চলে যাবার পথে এক মা-হারা হরিণ শিশু শকুন্তলার শাড়ির আঁচল টেনে ধরে, তাই তার গতিভঙ্গ হল।

iii) তপোবন কন্যা শকুন্তলার সাথে কেবল আশ্রমবাসীদের সম্পর্ক সুমধুর ছিল না জীবজন্তু এবং প্রকৃতির সঙ্গেও তার সম্পর্ক নিবিড় ছিল। এই হরিণ শিশুটি জন্মের পরেই তার মা-কে হারায়। তাই শকুন্তলা মা-এর মত স্নেহ দিয়ে তার লালন পালন করে। প্রতিদিন তার জন্য শ্যামাক তুলে নিয়ে আসতেন। কুশের ডগার খোঁচায় তার মুখে ক্ষত সৃষ্টি হলে ইঙ্গুদি তেল মাখিয়ে দিতেন। এই ভাবেই পরম স্নেহ যত্নে হরিণ শিশুটিকে বড় করে তুলেছিলেন।

## বাড়ীর কাজ

- ১। সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী (২ থেকে ৯ পর্যন্ত)
- ২। অতি-সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী। ( ১ থেকে ৬ পর্যন্ত)
- ৩। নৈর্ব্যক্তিক ও ব্যাকরণ গত প্রশ্নাবলী ( ১, ২, ৫, ৬, ৭, ৮)

## ব্যাকরণ (বই - ভাষা প্রসঙ্গ)

### মুখস্থ করবে

- ১। সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ ( অকিঞ্চন থেকে কৃতী পর্যন্ত)
- ২। একই শব্দের ভিন্নার্থে প্রয়োগ। ( মাথা থেকে কান পর্যন্ত)  
একটি শব্দের কমপক্ষে ২-টি করে ভিন্নার্থক প্রয়োগ মুখস্থ করতে হবে।)
- ৩। বাগধারা ( অঙ্কাপাওয়া থেকে চুনোপুঁটি)

### নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর।

- ১। যদি ঝড় ওঠে তবে থেকে যেও। ( সরল বাক্য)
- ২। ঠিক সময়ে পৌছেছিলাম কিন্তু তারা আসেনি। (সরল বাক্য)
- ৩। এই নদীটির নাম কাঁসাই। (জটিল বাক্য)
- ৪। চলন্ত গাড়িতে উঠতে যেও না। (জটিল বাক্য)
- ৫। যদিও সে দরিদ্র, তবুও সে সৎ। (সরল বাক্য)
- ৬। সকলে আসিয়া কাঁদিয়া পড়িল। ( যৌগিক বাক্য)
- ৭। যদি সত্য কথা না বল তবে শাস্তি পাইবে। ( যৌগিক)
- ৮। মাছ পড়িলে খবর আসে। ( যৌগিক)
- ৯। পরিশ্রম করো, তবে জীবনের উন্নতি হবে। (জটিল)
- ১০। যে যায় সে তো আর ফিরে আসে না। (সরল)

\*\*\*\*\*

